

জাতীয় পুষ্টি সপ্তাহ উপলক্ষে আয়োজিত পুষ্টি মেলায় বারটানের অংশগ্রহণ

জাতীয় পুষ্টি সপ্তাহ 2018 উপলক্ষে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের উদ্যোগে সোমবার (23/04/2018) রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তন কেন্দ্রে আয়োজিত হয়েছে পুষ্টি মেলা। দিনব্যাপী এই মেলায় অংশগ্রহণ করেছে বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)। উল্লেখ্য, মেলায় বারটানসহ পুষ্টি সংশ্লিষ্ট 22টি সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান অংশগ্রহণ করে।

ব্যাপক উৎসাহ ও উদ্দীপনার সঙ্গে মেলায় অংশগ্রহণ করেন বারটানের কর্মকর্তাবৃন্দ। মেলায় আগত দর্শনার্থীদের জন্য খাদ্যাভিত্তিক পুষ্টি সংক্রান্ত বই, প্রশিক্ষণ ম্যানুয়াল, বিভিন্ন খাদ্যের পুষ্টিমান সংবলিত পোস্টার ও লিফলেট ও পুষ্টি সচেতনতামূলক পোস্টার প্রদর্শন করা হয়। বিভিন্ন পুষ্টিমান সংবলিত খাবারের সমন্বিত ফুড প্লেটও প্রদর্শিত হয়।

পুষ্টি বিষয়ে জনসচেতনতা সৃষ্টি ও পুষ্টি উন্নয়নের গतिकে ত্বরান্বিত করার মাধ্যমে অভীষ্ট অর্জনের লক্ষ্য নিয়ে সোমবার থেকে শুরু হয়েছে জাতীয় পুষ্টি সপ্তাহ 2018 (23-29 এপ্রিল)। জনগণের খাদ্যাভ্যাস ও খাদ্য পরিকল্পনায় পুষ্টির বিষয়টিকে গুরুত্ব দেয়ার লক্ষ্যে এ বছর পুষ্টি সপ্তাহের প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে 'খাদ্যের কথা ভাবলে পুষ্টির কথাও ভাবুন'।



